CAREERINDIA

# BENGALI

***(Three hours)***

*(Candidates are allowed additional 15 minutes for only reading the paper.*

*They must NOT start writing during this time.)*

---

*Answer questions **1, 2** and **3** in Section **A** and **four** other questions from Section **B** on **at least three** of the prescribed textbooks.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION A
## LANGUAGE - 50 Marks

**Question 1**

Write a composition in approximately 400 words in Bengali on **any ONE** of the topics given below: **[20]**

নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর প্রায় চারশো (400) শব্দে একটি রচনা লেখ ঃ

(i) তুমি উপভোগ করেছ এমন একটি পারিবারিক অনুষ্ঠানের বর্ণনা দাও।

(ii) মাতৃভাষা চর্চার প্রয়োজনীয়তা — আলোচনা কর।

(iii) 'নারী নির্যাতনের জন্য দায়ী সমাজ ব্যবস্থা' — এই মন্তব্যের পক্ষে অথবা বিপক্ষে তোমা মতামত দাও।

(iv) আজ থেকে অন্ততঃ পঁচিশ বছর পরেও স্কুলের যে স্মৃতি তোমার মনে উজ্জ্বল হয়ে থাকবে বলে তুমি মনে কর।

(v) 'প্রতিবেশী'

(vi) যে কোন একটি বিষয়ের ওপর একটি মৌলিক গল্প লেখ :

(a) 'মোমবাতি'

(b) 'খোলা জানালা'

www.careerindia.com

---



© *Copyright reserved.*

**Question 2**

Read the passage given below carefully and answer in Bengali the questions that follow, using your own words:

নিম্নলিখিত রচনাটি ভালো করে পড়ে বাংলা ভাষায় (i), (ii), (iii), (iv) এবং (v) প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় :

মহিমের পরম বন্ধু ছিল সুরেশ। একসঙ্গে এফ.এ. পাস করার পর সুরেশ গিয়া মেডিকেল কলেজে ভর্তি হইল, কিন্তু মহিম তাহার পুরাতন সিটি কলেজেই টিঁকিয়া রহিল।

সুরেশ অভিমান-ক্ষুণ্ণ কণ্ঠে কহিল, মহিম, আমি বার বার বলছি, বি.এ., এম.এ. পাস করে কোন লাভ হবে না। এখনও সময় আছে, তোমারও মেডিকেল কলেজেই ভর্তি হওয়া উচিত।

তারপর দিন পনের কাটিয়া গিয়াছে, কোথায় বা মহিম, আর কোথায় বা তাহার মেডিকেল কলেজ। একদিন রবিবারের দুপুরবেলা সুরেশ বিস্তর খোঁজাখুঁজির পর একটা দীনহীন ছাত্রাবাসে আসিয়া উপস্থিত হইল। সোজা উপরে উঠিয়া গিয়া দেখিল, সম্মুখের একটা অন্ধকার স্যাঁতসেঁতে ঘরের মেঝের উপর ছিন্ন-বিচ্ছিন্ন কুশাসন পাতিয়া ছয়-সাতজন আহারে বসিয়াছে। মহিম মুখ তুলিয়া অকস্মাৎ বন্ধুকে দেখিয়া কহিল, হঠাৎ বাসা বদলাতে হল বলে তোমাকে সংবাদ দিতে পারিনি, সন্ধান করলে কি করে ? সুরেশ তাহার কোন উত্তর না দিয়া থপ্ করিয়া চৌকাঠের উপর বসিয়া পড়িল এবং একদৃষ্টে ছেলেদের আহার্যের প্রতি চাহিয়া রহিল। অত্যন্ত মোটা চালের অন্ন, জলের মত কি একটা ডাল, শাক। ডাঁটা এবং কচু দিয়া একটা তরকারি এবং তাহারই পাশে দু-টুকরা পোড়া পোড়া কুমড়াভাজা। দধি নাই, দুগ্ধ নাই, কোন প্রকার মিষ্ট নাই; এক টুকরা মাছ পর্যন্ত কাহারও পাতে পড়িল না।

সকলের সঙ্গে মহিম অম্লানমুখে, নিরতিশয় পরিতৃপ্তির সহিত এগুলি ভোজন করিতে লাগিল। কিন্তু চাহিয়া চাহিয়া সুরেশের দুই চক্ষু জলে ভরিয়া গেল। সে কোনমতে মুখ ফিরাইয়া অশ্রু মুছিয়া উঠিয়া দাঁড়াইল।

আহারান্তে মহিম তাহার ক্ষুদ্র শয্যার উপর আনিয়া বন্ধুকে যখন বসাইল, তখন সুরেশ রুদ্ধস্বরে কহিল, এমন কদর্য বাড়ি যে শহরের মধ্যে থাকতে পারে এবং এমন বিশ্রি খাওয়াও যে কোন মানুষ মুখে দিতে পারে, চোখে না দেখলে আমি কোনমতে বিশ্বাস করতে পারতুম না। তা যাই হোক, এ জায়গায় তুমি সন্ধান পেলেই বা কিরূপে, আর তোমার সাবেক বাসা — তা সে যত মন্দই হোক, এর সঙ্গে তার তুলনাই হয় না, তাই বা পরিত্যাগ করলে কেন ?

সুরেশ আরও কহিল, এখন আমার প্রয়োজন তোমাকে এখান থেকে এই মুহূর্তে উদ্ধার করে নিয়ে যাওয়া। এখানে যদি তোমাকে ফেলে রেখে যাই, চোখে আমার ঘুম আসবে না, মুখে অন্ন রুচবে না। এই বলিয়া সুরেশ মহিমকে টানিয়া তুলিয়া স্বহস্তে তাহার বিছানা গুটাইতে প্রবৃত্ত হইল।

CAREERINDIA

(i) দুই বন্ধুর কে কোথায় ভর্তি হল ? এ ব্যাপারে একজন অন্যজনকে কি বলেছিল ? **[4]**

(ii) সুরেশ একদিন হঠাৎ এই দীনহীন ছাত্রাবাসে গিয়ে কি দেখল ? **[4]**

(iii) সুরেশের চোখ জলে ভরে উঠল কেন ? **[4]**

(iv) মহিমের খাওয়া হলে সুরেশ কি বলল ? **[4]**

(v) সুরেশ, মহিমকে কোথায় নিয়ে যেতে চাইল এবং কেন ? এরপর সে কি করল ? **[4]**

## Question 3

(a) Correct the misspelt words: **[5]**

নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(i) ফালগুণ

(ii) বীভিসন

(iii) পিপিলীকা

(iv) দূর্গাপুজা

(v) শারীরীক

(b) Fill in the blanks in the following sentences, selecting five idioms from those given below: **[5]**

প্রদত্ত বাগধারাগুলির মধ্যে **পাঁচটি** উপযুক্ত বাগধারা বেছে নিম্নলিখিত বাক্যগুলির শূন্যস্থান পূর্ণ কর ঃ—

(অকাল কুষ্মাণ্ড, চোখের মণি, অগ্নিশর্মা, রক্ত জল করা, কথার কথা, কুয়োর ব্যাঙ, সাপে নেউলে)

(i) ছেলের পরীক্ষার রেজাল্ট দেখে মা রাগে ———— হলেন।

(ii) রায়বাড়ির ছোট ছেলেটি একেবারে ———— , চাকরি-বাকরির নামটি নেই শুধু পাড়ায় আড্ডা দিয়ে বেড়ানো।

(iii) শুধু পাঠ্যবই পড়লে ———— ই হয়ে থাকবে, দেশ বিদেশের বই পড়ে জ্ঞান ভাণ্ডারকে বাড়াবার চেষ্টা কর।

(iv) বাবার ———— উপার্জনের পয়সা উড়নচণ্ডী ছেলের হাতে পড়ে নষ্ট হল।

(v) সামান্য একটা ———— থেকে এত বড় ঝগড়া বাধবে কে ভেবেছিল ?

www.careerindia.com

CAREERINDIA

## SECTION B

## PRESCRIBED TEXTBOOKS - 50 Marks

*Answer **four** questions from this Section on at least **three** of the prescribed textbooks.*

### প্রবন্ধ ও গদ্য সংকলন

### (Probondho O Godya Sonkolon)

**Question 4**

'নিবেদিতা নইলে নন্দলালদের যাওয়া হত না অজন্তায়।'

(i) উদ্ধৃত অংশটি কোন রচনার অন্তর্গত ? [1½]

(ii) নিবেদিতা নন্দলালদের পাঠানোর ব্যাপারে লেখককে কি বলেছিলেন ? [3]

(iii) নন্দলালদের পাঠানোর ব্যাপারে লেখকের ভাবনা কি ছিল এবং এই বিষয়ে নিবেদিতা কি ব্যবস্থা করেছিলেন ? [3]

(iv) লেখক নিবেদিতার সৌন্দর্য কিভাবে বর্ণনা করেছেন ? [5]

**Question 5**

বাড়িতে আসা অতিথিদের শৈল তার পিতার শিক্ষা ও তত্ত্বতালাশ সম্বন্ধে কিরূপ ধারণার কথা বলেছিলেন ? শৈলর মানসিক দুর্বলতা কি ছিল ? এই দুর্বলতার পিছনে মূল কারণ কি ছিল তা শৈলর চরিত্র আলোচনা প্রসঙ্গে লেখ। [12½]

**Question 6**

'রেকর্ড' গল্পে গল্পকথক কোথা থেকে রেকর্ড কিনেছিলেন ? ঐ স্থানের কি রকম বর্ণনা দিয়েছেন ? রেকর্ডটি কেনার পর কথক ও তাঁর স্ত্রীর কিরকম মানসিক অবস্থা হয় ? শেষে তাঁরা কোন্ সর্বজনীন সত্যের সন্ধান পান ? [12½]

---



www.careerindia.com

CAREERINDIA

# কবিতা সংকলন

**(Kobita Sonkolon)**

**Question 7**

'মাটির পৃথিবীপানে আঁখি মেলি যবে
দেখি সেথা মহা কলরবে/বিপুল জনতা চলে'

(i) কোন কবির কোন কবিতার অংশ ? **[1½]**

(ii) বিপুল জনতা বলতে কাদের কথা বলা হচ্ছে ? তারা কি করে ? **[3]**

(iii) এই কবিতায় ইতিহাসের কোন কোন যুগের উল্লেখ রয়েছে ? **[3]**

(iv) কবিতার মূল বক্তব্য আলোচনা কর। **[5]**

**Question 8**

'নুন' কবিতায় কবি বাবা ও ছেলের জীবন যাপনের কিরূপ চিত্র তুলে ধরেছেন ? এর মাধ্যমে সমাজের নিম্নশ্রেণির মানুষের যে যন্ত্রণাকাতর অবস্থা প্রকাশিত হয়েছে তা আলোচনা কর। **[12½]**

**Question 9**

'যদি নির্বাসন দাও' কবিতাটি কোন কবির লেখা ? কবি কোথা থেকে নির্বাসিত হতে চান এবং নির্বাসিত হলে তিনি কি করবেন বলে উচ্চারণ করছেন ? আলোচ্য কবিতায় কবির বক্তব্যের মধ্যে যে বৈপরীত্য রয়েছে তা আলোচনা কর। **[12½]**

# কোনি

**(Koni)**

**Question 10**

" ব্লাডসুগার পরীক্ষা করিয়েছেন ? কোলেস্টেরল লেভেলটাও দেখেছেন কি ? "

(i) উপন্যাসটি কার লেখা ? উক্তিটি কার ? **[1½]**

(ii) কোথায় কি উপলক্ষে কার সঙ্গে এই কথাবার্তা হয় ? **[3]**

(iii) বক্তা কেন এই কথাগুলি বলেছেন ? **[3]**

(iv) যাকে কথাগুলি বলা হচ্ছে তার চেহারা বর্ণনা কর এবং এ কথার উত্তরে তার প্রতিক্রিয়া কি ছিল ? **[5]**

---



www.careerindia.com

**Question 11**

ক্ষিদ্দা কে ? ক্ষিদ্দার সঙ্গে কোনির চিড়িয়াখানায় যাওয়ার ঘটনাটি লেখ। সেখানে জল খাওয়া নিয়ে কি ঘটনা ঘটে এবং কোনির প্রতিক্রিয়া বর্ণনা কর। এ ঘটনার শেষে ক্ষিদ্দা কোনিকে বকবেন বলে ঠিক করেও বকেননি কেন ? **[12½]**

**Question 12**

'জাতীয় সাঁতার চ্যাম্পিয়ানশিপ' কোথায় হয়েছিল ? এতে কোনির অংশগ্রহণ নিয়ে কি সমস্যা হয় ? সেখানে অন্য মেয়েরা কোনির সঙ্গে কেমন ব্যবহার করে ? কোনিকে নিয়ে ভুল বোঝাবুঝির ঘটনাটি বর্ণনা করে নিজস্ব মতামত দাও। **[12½]**

## মুকুট

**(Mukut)**

**Question 13**

'সে আমার ভাগ্যের দোষ, অস্ত্র শিক্ষার দোষ নয়, মহারাজ নিজে আমাদের ধনুর্বিদ্যায় পরীক্ষা গ্রহণ করুন এই আমার প্রার্থনা।'

(i) বক্তা কে ? বক্তার সাথে মহারাজের সম্পর্ক কি ? **[1½]**

(ii) কোন প্রসঙ্গে বক্তা একথা বলেছেন ? **[3]**

(iii) 'সে আমার ভাগ্যের দোষ, অস্ত্র শিক্ষার দোষ নয়'— বক্তার একথা বলার কারণ কি ? **[3]**

(iv) বক্তা সম্পর্কে সেনাপতির কিরূপ ধারণা ছিল তা সংক্ষেপে লেখ। **[5]**

**Question 14**

'আমাদের ছোটকুমারের ধনুর্বিদ্যার দৌড় তো সকলেরই জানা আছে'''

অনুচরগণের ছোটকুমারের ধনুর্বিদ্যা সম্পর্কে কেমন ধারণা ছিল ? মধ্যমকুমারের ধনুর্বিদ্যা সম্বন্ধেই বা কেমন ধারণা ছিল ? অন্য অনুচরদের ও কুমারদের সম্বন্ধে কিরূপ ধারণা ছিল তা তাদের কথোপকথনের মধ্য থেকে যা জানতে পারো তা নিজের ভাষায় লেখ। **[12½]**

**Question 15**

দ্বিতীয় দৃশ্যে ইন্দ্রকুমারের অস্ত্রশালায় কাকে কে কিভাবে দেখতে পায় ? ধৃতব্যক্তি কিভাবে বিষয়টিকে আয়ত্তে আনে ? এর মধ্য দিয়ে তার চরিত্রের কোন্ দিকটি প্রকাশিত হয় ? **[12½]**

---



www.careerindia.com